

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০৪৪.২০২০- ২৪৬

তারিখ: ২৫ চৈত্র ১৪২৬
০৬ এপ্রিল ২০২০

বিষয়: কারাগারে সঠিক ব্যবস্থায় ফোন বুথ চলমান ও কার্যকর আছে কিনা সে সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি অধীনস্থ কারাগারসমূহ থেকে সংগ্রহ করে একিভূত প্রতিবেদন কারা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ প্রসঙ্গে।

বরাতে: (ক) কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২৭.১৮-২১২ তারিখ: ২৩/৩/২০২০
(খ) কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০০১.২০২০-২২৯(১১০) তারিখ: ২৩/৩/২০২০

আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, দেশে করোনা ভাইরাস সংক্রান্ত উদ্ভূত পরিস্থিতিতে আত্মীয়-স্বজনের সাথে কারাবন্দিদের সহজ যোগাযোগের স্বার্থে কারাগারসমূহে বিশেষ ব্যবস্থায় বরাতোক্ত স্মারক/পত্রের মাধ্যমে জরুরি ফোন বুথ স্থাপন করার জন্য নির্দেশ প্রদান করা হয়। ফোন বুথ জরুরি ভিত্তিতে স্থাপনের লক্ষ্যে কারা অধিদপ্তর কর্তৃক কিছু কর্পোরেট সিম এবং সিম ব্যবহারের সুবিধা সম্বলিত ল্যান্ড ফোন সেট সরবরাহ করা হয়। তাছাড়া, কোনো কোনো কারা কর্তৃপক্ষ পূর্ব থেকে বিদ্যমান অব্যবহৃত কর্পোরেট সিমও ব্যবহার করছেন।

এমতাবস্থায়, কারাগারে ফোন বুথ যথাযথভাবে চলমান ও কার্যকর আছে কিনা সে সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য অধীনস্থ কারাগারসমূহ থেকে সংগ্রহ করতঃ একিভূত প্রতিবেদন নিম্নোক্ত নমুনা 'ছক' অনুযায়ী প্রস্তুত পূর্বক ফিরতি ই-মেইল (adl.ig@prison.gov.bd, prison.bd.ict@gmail.com, ocpiu.hq@gmail.com, prison.bd.statistics@gmail.com, prison.establishment1.bd@gmail.com, prison_dte@yahoo.com) যোগে কারা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলোঃ

ক্রঃ নং	কারাগারের নাম	ব্যবহৃত সকল মোবাইল নম্বর	সিম কার্ড এর ধরণ (নেভুন পোর্টেট/পুরাতন কর্পোরেট/বেসরকারি)	ফোন বুথ সচল আছে কিনা (হ্যাঁ/না)	নির্ধারিত শর্ত মোতাবেক ফোন বুথ চালানো হচ্ছে কিনা (হ্যাঁ/না)	মন্তব্য

উল্লেখ্য, দেশের আপেক্ষিকালীন সময়ে বন্দিদের কল্যাণের জন্য স্থাপিত ফোন বুথসমূহের যেকোনো প্রকার বিতর্কিত ব্যবহার (যেমন সপ্তাহে ১ দিনের বেশি কোন বন্দির কথা বলা, প্রতিবার ৫ মিনিটের বেশি কথা বলা ইত্যাদি) তথ্য পাওয়া গেলে জড়িত কারা কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আইনানুগ কঠোর বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে অধীনস্থ কারাগারসমূহকে অবগত করতঃ সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ দেয়ার জন্যও অনুরোধ করা হলো।



মোহাম্মদ তৌহিদুল ইসলাম
কারা উপ-মহাপরিদর্শক (সদর দপ্তর, অঃ দাঃ)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৪০০ (দপ্তর)
dighq@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর (ই-মেইল যোগে)।

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. সিনিয়র জেল সুপার/জেল সুপার-সকল কেন্দ্রীয়/জেলা কারাগার; (ই-মেইলযোগে);
২. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
৩. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা; (বিবেচ্য পত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৬. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ কারা অধিদপ্তর, ঢাকা;
৭. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
৮. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য;